

## শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয় ছাত্রলীগের দু'গ্রুপে দফায় দফায় সংঘর্ষ আহত ৫

### যুগান্তর রিপোর্ট

আধিপত্য বিস্তারকে কেন্দ্র করে শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয় ছাত্রলীগের দু'গ্রুপের মধ্যে সংঘর্ষ হয়েছে। মঙ্গলবার রাত ১টা থেকে ভোর ৪টা পর্যন্ত দফায় দফায় ধাওয়া-পাল্টাধাওয়া ও সংঘর্ষের ঘটনা ঘটে। এতে ৫ জন আহত হয়েছে। এ ঘটনার পর অর্ধশতাধিক পুলিশ মোতায়েন করা হয়েছে। কৃষি বিশ্ববিদ্যালয় সূত্র জানায়, শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ে আধিপত্য বিস্তারকে কেন্দ্র করে কয়েকদিন ধরেই ছাত্রলীগের দু'গ্রুপের মধ্যে উত্তেজনা চলছিল। একটি গ্রুপের নেতৃত্ব দিচ্ছেন ওই বিশ্ববিদ্যালয় ছাত্রলীগ সভাপতি আহমেদুল বাসার ও সাধারণ সম্পাদক পোদ্দাম সরোয়ার মাসুম। অপর একটি গ্রুপের নেতৃত্ব দিচ্ছেন সহ-সভাপতি দেবু কুমার ভট্টাচার্য। মঙ্গলবার রাত ১টার দিকে বিশ্ববিদ্যালয়ের খেদার মাঠে বাসার-মাসুম গ্রুপের দু'পক্ষের নেতাকর্মী লাঠি ও ধারালো অস্ত্র নিয়ে অবস্থান করে। মাঠের এক পাশে দেবু কুমার ভট্টাচার্য গ্রুপের নেতৃপক্ষের নেতাকর্মী লাঠি ও ধারালো অস্ত্র নিয়ে অবস্থান নেয়। দুই গ্রুপে কুপা সংঘর্ষ : পৃষ্ঠা ১৪ : কলাম ৩

### সংঘর্ষ : দু'গ্রুপে

(১ম পৃষ্ঠার পর)

কাটাকাটি একপর্যায়ে উভয় গ্রুপের মধ্যে সংঘর্ষ বাধে। ভোর ৩টা পর্যন্ত দফায় দফায় ধাওয়া-পাল্টাধাওয়া চলে। দেবু কুমার ভট্টাচার্যসহ উভয় দলের ৫ জন আহত হয়েছে। একটি সূত্র জানছে, টেডারপাতি নিয়ে দু'গ্রুপের মধ্যে বিরোধের জের ধরেই এ সংঘর্ষের ঘটনা ঘটেছে। তবে ছাত্রলীগ সভাপতি আহমেদুল বাসার টেডারপাতির কথা অস্বীকার করে বলেন, ছোট একটি ঘটনা নিয়ে দেবু কুমার ভট্টাচার্য গ্রুপ তাদের ওপর আক্রমণ করেছে। ছোট ঘটনাটা কি জানতে চাইলে তিনি বলতে রাজি হননি।